রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ১৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৪, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৮৯—২৯২ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪২১—৪৪৪ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৩—১২০ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৪১—৪৫২ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**
**আদেশাবলি**

তারিখ, ০৪ পৌষ, ১৪২৯/১৯ ডিসেম্বর ২০২২

**নং আর-৬/৭এন-১২১/২০২২-৬৩৭**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব এমদাদুল হাসান, পিতা মৃত মাহমুদুল হাসান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগদান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964- এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ: ০৬ পৌষ, ১৪২৯/২১ ডিসেম্বর ২০২২

**নং আর-৬/৭এন-১২০/২০২২-৬৪৩**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ আবু তাহের, পিতা-মৃত মোঃ আফসার উদ্দিন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩০-১২-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অর্থাৎ তার বয়স ৬০ (ষাট) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964- এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ পৌষ, ১৪২৯/০৫ জানুয়ারি, ২০২৩

**নং ৩৭.০০.০০০০.০৭৮.০৮.০১৭.২০০৭ (অংশ-১)-০৯**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী প্রফেসর ড. মনিরুজ্জামান, ব্যবস্থাপনা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-কে স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

---

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ পৌষ ১৪২৯/০৫ জানুয়ারি, ২০২৩

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.১০৫.১৪-০৮**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন মিয়া, ডীন, কলা, ব্যবসায় শিক্ষা ও সামাজিক বিজ্ঞান অনুষদ, জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ, গাজীপুর-কে উক্ত ইউনিভার্সিটির ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২১ পৌষ ১৪২৯/০৫ জানুয়ারি, ২০২৩

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.১০৮.২০১৪-১০**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী প্রফেসর ড. মোহাম্মদ তৌহিদ হোসেন চৌধুরী, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-কে কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৮ পৌষ ১৪২৯/০২ জানুয়ারি ২০২৩

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.০০১.২০২০-০১**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী প্রফেসর ড. আবু নাসের জাফর উল্লাহ্, ডীন, পাবলিক হেল্থ অনুষদ, ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-কে আরটিএম আল-কবির টেকনিক্যাল ইউনিভার্সিটি, সিলেট এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২১ পৌষ, ১৪২৯/০৫ জানুয়ারি ২০২৩

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.০২২.১২(অংশ-১)-০৭**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী প্রফেসর ড. এম মোফাজ্জেল হোসেন, ডীন, কৃষি অনুষদ, সিটি ইউনিভার্সিটি ঢাকা-কে ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

**বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা**

তারিখ: ১৭ পৌষ ১৪২৯/০১ জানুয়ারি ২০২৩

**নং ৩৭.০০.০০০০.০৮০.১১.০০৪.২১-০২**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় আইন, ২০১৯ এর ধারা ১৪ (১) অনুযায়ী এয়ার কমডোর মোঃ নিয়ামুল কবীর, বিইউপি, এইচডিএমসি, পিএসসি (বিডি/৮৪৫৫), জিডি(এন)-কে উক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদে ০৪ (চার) বছরের জন্য নিম্নোক্ত শর্তে নিয়োগ করা হলো:

(ক) ট্রেজারার পদে এ নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে ০৪ (চার) বছর হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে তিনি নিয়মিত চাকরির বয়স পূর্তিতে মূল পদে প্রত্যাবর্তনপূর্বক অবসর গ্রহণের আনুষ্ঠানিকতা সম্পাদন শেষে উক্ত মেয়াদের অবশিষ্টাংশ পূর্ণ করবেন;

(খ) ট্রেজারার পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতন ভাতাদি পাবেন এবং ট্রেজারার পদের সাথে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন;

(গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় আইন, ২০১৯ এর ধারা ১৫ উপধারা (৩), (৪), (৫), (৬), (৭) ও (৮) অনুসারে তিনি তাঁর দায়িত্ব পালন করবেন; এবং

(ঘ) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ রোখছানা বেগম**
উপসচিব।

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**

**চলচ্চিত্র-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ পৌষ, ১৪২৯/২২ ডিসেম্বর ২০২২

**নং ১৫.০০.০০০০.০৪১.৯৯.০২৬.১৭-৮৪২**—বাংলাদেশ ফিল্ম আর্কাইভের চলচ্চিত্র সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, প্রকাশনা, অধ্যয়ন, সচেতনতা সৃষ্টি ও অন্যান্য কার্যক্রমের বিশেষজ্ঞ সহায়তা, পরামর্শ ও সুপারিশ প্রদানের নিমিত্ত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১০ ডিসেম্বর ২০২০ তারিখের ৪০৫ সংখ্যক আদেশে গঠিত বিশেষজ্ঞ কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নিম্নোক্ত ০৭ (সাত) সদস্যবিশিষ্ট বিশেষজ্ঞ কমিটি গঠন করা হলো:

**সভাপতি**

১. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্মআর্কাইভ, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড ঢাকা।

৩. উপসচিব (চলচ্চিত্র-২), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।

৪. জনাব মোরশেদুল ইসলাম, বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা।

৫. ড. মতিন রহমান, ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক, ফিল্ম এন্ড মিডিয়া বিভাগ, স্টামফোর্ট বিশ্ববিদ্যালয় ও বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা।

৬. জনাব মঈনুদ্দিন খালেদ, বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্ব ও শিক্ষক।

**সদস্য-সচিব**

৭. পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।

২। এ কমিটি 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালনা ও ব্যস্থাপনা নীতিমালা-২০১০' এর ১১ অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলি অনুসারে দায়িত্ব পালন করবে।

৩। প্রজ্ঞাপন জারির তারিখ থেকে ০২ (দুই) বছর মেয়াদে এ কমিটি বলবৎ থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ পৌষ, ১৪২৯/০৮ জানুয়ারি ২০২৩

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৬.১৫(অংশ)-২৬**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল:

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | ঢাকা জেলার লালবাগ থানার দক্ষিণ সিটি কর্পোরেশনের ২৭ নং ওয়ার্ড এর "শ্রী শ্রী ঢাকেশ্বরী মন্দির"। | লালবাগ | এস.এ-<br>৬২<br>৬৪<br>৬৩ | ৯৪<br>৯৫<br>৯৬<br>৯৭<br>১০১<br>১০৪<br>১০৯<br>১১০<br>১১২<br>১১৪ | .৩৩<br>.০১<br>.৩০<br>.০৮<br>.০৬<br>.৭৮<br>.৩৭<br>.১২<br>.১৮<br>.০৬ | পূর্বে: বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।<br>পশ্চিমে: বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় স্টাফ কোয়ার্টার।<br>উত্তরে: বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।<br>দক্ষিণে: সরকারি পাকা রাস্তা। | ঢাকেশ্বরী মন্দিরের সেবাইত হিমচন্দ্র চক্রবর্তী<br>পিং প্রতাব চন্দ্র চক্রবর্তী<br>সাং নিজ | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাজীব কুমার সরকার**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ পৌষ, ১৪২৯/২১ ডিসেম্বর ২০২২

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০০৮.২২-২৩৮**—যেহেতু, জনাব হারুন-অর-রশিদ হাযারী (বিপি ৬৭৯৮০২০৮২৫), পুলিশ সুপার (মেইনটেনেন্স), পুলিশ টেলিকম সংস্থা, রাজারবাগ, ঢাকা হিসেবে কর্মকালে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত বেসরকারি প্রতিষ্ঠানের (মেসার্স কমল ট্রেডার্স, ২১৮ শহীদ নজরুল ইসলাম স্মরণী, ট্রপিকানা টাওয়ার ৯ম তলা, পুরানা পল্টন, ঢাকা)-এর স্বত্বাধিকারী জনাব মোঃ রেজাউল করিম বাবুর সাথে পুলিশ টেলিকম সংস্থার সদস্যগণের নিজস্ব অর্থায়নে ক্রয়কৃত মিনিবাসের ভাড়া বিষয়ক চুক্তিনামা সম্পাদন করা এবং করোনা ভাইরাসজনিত রোগের (কোভিড-১৯) বিস্তার রোধকল্পে চলমান বিধি-নিষেধ থাকা সত্ত্বেও মিনিবাসটি যাত্রীবাহী পরিবহনে ব্যবহার করার অভিযোগে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় গত ১৭-০৮-২০২২ তারিখ ১৩০ নম্বর স্মারকমূলে তাকে কারণ দর্শানো হয়। তদপ্রেক্ষিতে তিনি গত ১০-১০-২০২২ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০১-১২-২০২২ তারিখে তার বিরুদ্ধে আনীত অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

২। সেহেতু, জনাব হারুন-অর-রশিদ হাযারী (বিপি ৬৭৯৮০২০৮২৫), পুলিশ সুপার (মেইনটেনেন্স), পুলিশ টেলিকম সংস্থা, রাজারবাগ, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, প্রাসঙ্গিক দলিলপত্রাদি এবং অপরাধের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়ে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ পৌষ, ১৪২৯/২৭ ডিসেম্বর ২০২২

**নং ৪৪.০০.০০০০.০৯৪.১২.০০২.১৮-১৬৬৭**—প্রশাসনিক ট্রাইব্যুনাল, খুলনার মামলা নম্বর ২৬/২০০৬ এর ২২-১০-২০০৭ তারিখের আদেশ, প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল, ঢাকার মামলা নম্বর ০৯-/২০০৮ এর ২১-১০-২০০৮ তারিখের আদেশ এবং সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নম্বর ১১৬৩/২০১২ এর ২৩-০৯-২০১৩ তারিখে প্রদত্ত রায় অনুযায়ী চুয়াডাঙ্গা জেলার প্রাক্তন সহকারী পুলিশ সুপার মৃত যতীন্দ্রনাথ পোদ্দারকে ২৩-০২-২০০৬ খ্রিঃ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকরিতে পুনর্বহাল হিসেবে গণ্য করা হবে।

২। তিনি মাননীয় আদালতের আদেশানুযায়ী সকল প্রাপ্য বেতন-ভাতাদি এবং অবসরজনিত আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুল ইসলাম খান**

সিনিয়র সচিব।

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৫ পৌষ, ১৪২৯/২০ ডিসেম্বর ২০২২

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০১২.২২-২৩৯**—যেহেতু, জনাব মুহাম্মদ শাহনেওয়াজ খালেদ, পিপিএম-সেবা (বিপি-৭৪০৫১১৬১৬৬) বিশেষ পুলিশ সুপার, সিআইডি, চট্টগ্রাম মেট্রো ও জেলা তদন্তকারী কর্মকর্তা হিসেবে তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্যে অবহেলা এবং Perfunctory তদন্ত প্রতিবেদন দাখিলের অভিযোগে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় গত ২৯-০৮-২০২২ তারিখ ১৪১ নম্বর স্মারকমূলে তাকে কারণ দর্শানো হয়। তদপ্রেক্ষিতে তিনি গত ১০-১০-২০২২ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০১-১২-২০২২ তারিখে তার বিরুদ্ধে আনীত অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

২। সেহেতু, জনাব মুহাম্মদ শাহনেওয়াজ খালেদ, পিপিএম-সেবা (বিপি-৭৪০৫১১৬১৬৬) বর্তমানে পুলিশ সুপার, সিআইডি, চট্টগ্রাম মেট্রো ও জেলা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, প্রাসঙ্গিক দলিলপত্রাদি এবং অপরাধের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় তদন্তকারী কর্মকর্তা হিসেবে তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্যে অবহেলা এবং Perfunctory তদন্ত প্রতিবেদন (ফাইন্ডিংস) দাখিলের অভিযোগের সত্যতা না পাওয়ায় তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়ে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৬ পৌষ, ১৪২৯/২১ ডিসেম্বর ২০২২

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০১০.২২-২৩৭**—যেহেতু, মোহাম্মদ সুলাইমান, পিপিএম (বিপি-৭৪০৫১১৯৭১৮) পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-০৩, চট্টগ্রাম তদন্তকারী কর্মকর্তা হিসেবে তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্যে অবহেলা এবং Perfunctory তদন্ত প্রতিবেদন দাখিলের অভিযোগে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় গত ২৯-০৮-২০২২ তারিখ ১৪২ নম্বর স্মারকমূলে তাকে কারণ দর্শানো হয়। তদপ্রেক্ষিতে তিনি গত ২০-১০-২০২২ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০১-১২-২০২২ তারিখে তার বিরুদ্ধে আনীত অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

২। সেহেতু, মোহাম্মদ সুলাইমান, পিপিএম (বিপি-৭৪০৫১১৯৭১৮) পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-০৩, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, প্রাসঙ্গিক দলিলপত্রাদি এবং অপরাধের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় তদন্তকারী কর্মকর্তা হিসেবে তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্যে অবহেলা এবং Perfunctory তদন্ত প্রতিবেদন (ফাইন্ডিংস) দাখিলের অভিযোগের সত্যতা না পাওয়ায় তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়ে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।